**কৃষিই** সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ ৩ অধিশাখা
www.moa.gov.bd

নং-১২.০৫৪.০৯৯.০০.০০.০২৩.২০১৫- ১০৮

তারিখঃ ১৫/১১/১৪২৩ বঙ্গাব্দ
২৭/০২/২০১৭ খ্রিস্টাব্দ

গত ১২/০২/২০১৭ খ্রি: তারিখ অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) মহোদয়ের সভাপতিত্বে কৃষি যান্ত্রিকীকরণ কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী।

২৭/২/১৭

(বলাই কৃষ্ণ হাজরা)
যুগ্মসচিব
ফোন নং-৯৫৬৮৪১১
ই-মেইল : moa.ex3@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফামগেট, ঢাকা।
০২। মহাপরিচালক, কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
০৩। মহাপরিচালক, ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
০৪। মহাপরিচালক, পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা।
০৫। মহাপরিচালক, বাংলাদেশ সুগার ক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।
০৬। সদস্য পরিচালক, প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
০৭। প্রফেসর ড. মো: মঞ্জুরুল আলম, কৃষি শক্তি ও যন্ত্র বিভাগ, কৃষি প্রকৌশল ও কারিগরী অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
০৮। উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল ও কারিগরী বিশ্ববিদ্যালয় (বুয়েট)
০৯। প্রধান, এফএমপিএইচটি বিভাগ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
১০। প্রধান, এফএমপিই বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর
১১। প্রকল্প পরিচালক, খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্প-২য় পর্যায়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা (ক্রমিক নং-০৭, ০৮ এবং ১২ নং সংশ্লিষ্টদের নিকট পৌছানো নিশ্চিত করার জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।।
১২। ড. ক্ষিরোদ চন্দ্র রায়, প্রাক্তন মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি :**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, ঢাকা **(মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**
৩। অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অফিস কপি ও মাস্টার ফাইল।

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-৩ অধিশাখা
www.moa.gov.bd

## কৃষি যান্ত্রিকীকরণ কমিটির ১ম সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| ১.০ | সভাপতি | : অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) কৃষি মন্ত্রণালয় |
| ২.০ | তারিখ ও সময় | : ১২/০২/২০১৭ খ্রিঃ, দুপুর ১২.০০ টা |
| ৩.০ | স্থান | : সম্মেলন কক্ষ, কৃষি মন্ত্রণালয় |
| ৪.০ | উপস্থিতি | : পরিশিষ্ট-ক |

৫.০ সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি কৃষি যান্ত্রিকীকরণ কমিটির সদস্য সচিব ও খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্প-২য় পর্যায় প্রকল্পের প্রকল্প পরিচালককে সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয় উপস্থাপন করতে বলেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব সভাকে জানান যে, ইতোমধ্যে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক কৃষি যান্ত্রিকীকরণ রোডম্যাপ ২০২১, ২০৩১ ও ২০৪১ অনুমোদিত হয়েছে। তিনি সভাকে আরও জানান দেশীয় উদ্যোক্তা দ্বারা কৃষি যন্ত্রপাতি তৈরির জন্য কৃষি মন্ত্রণালয় এর প্রচেষ্টায় ১৪ (চৌদ্দ) টি H.S. Code সম্বলিত খুচরা যন্ত্রাংশের আমদানি শুল্কের হার ১% হ্রাস করা সম্ভব হয়েছে। আবারও ৩৪ (চৌত্রিশ) টি খুচরা যন্ত্রাংশের আমদানি শুল্ক হ্রাসের প্রস্তাব জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করা হয়েছে, যা জাতীয় রাজস্ব বোর্ডে বিবেচনাধীন আছে।

৬.০ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মঞ্জুরুল আলম বলেন, রোডম্যাপটি বাস্তবায়ন করতে হলে কৃষি যান্ত্রিকীকরণের জন্য একটি নীতিমালা প্রণয়ন করা একান্ত প্রয়োজন। রোডম্যাপে এই নীতিমালা প্রণয়নের জন্য কৃষি মন্ত্রণালয়কে দায়িত্ব দেয়া আছে। তবে একটি কমিটি গঠন করে নীতিমালাটি প্রণয়ন করলে তা কার্যকর হবে বলেও তিনি উল্লেখ করেন। উপস্থিত সকলে তার প্রস্তাবে একমত পোষণ করেন।

৭.০ সদস্য-সচিব সভাকে আরও অবহিত করেন যে, খামার যান্ত্রিকীকরণ প্রকল্পের মাধ্যমে কৃষি যন্ত্রপাতির মান যাচাইয়ের জন্য একটি টেষ্টিং ল্যাব স্থাপন কার্যক্রম চলমান রয়েছে। প্রসঙ্গক্রমে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বার্ক) এর প্রতিনিধি বলেন যে, প্রকল্পের মাধ্যমে টেষ্টিং ল্যাব গঠন করা হলেও এটি কৃষি মন্ত্রণালয় এর যে কোন সংস্থার রাজস্বখাতের অর্গানোগ্রামভুক্ত হওয়া প্রয়োজন। অর্গানোগ্রামভুক্ত না হলে প্রকল্প শেষে এই টেষ্টিং ল্যাবের কার্যক্রম স্থিমিত হয়ে পড়ার আশংকা থাকবে। যুগ্মসচিব, সম্প্রসারণ-৩ অধিশাখা যোগ করেন যে, টেস্টিং ল্যাব পরিচালনার জন্য একটি আইনের প্রয়োজন হবে। সভাপতি বলেন যে, বারি হতে উদ্ভাবিত যন্ত্রপাতিগুলো পেটেন্ট শর্ত নিশ্চিত করার উদ্যোগ নেয়া প্রয়োজন। এ উদ্যোগ না নেয়ায় এই যন্ত্রপাতিগুলি আংশিক পরিবর্তন করে নিম্নমানের যন্ত্র তৈরি করে কৃষকদের হাতে তুলে দেয়া হচ্ছে। ফলে বারি উদ্ভাবিত যন্ত্রপাতি সম্পর্কে কৃষকদের মাঝে নেতিবাচক প্রভাব পড়ছে। তিনি বারির যন্ত্রপাতির পেটেন্ট শর্ত নিশ্চিত করার জন্য তাগিদ দেন। তাছাড়াও টেষ্টিং ল্যাব স্থাপনের জন্য আইনি কাঠামোসহ প্রয়োজনীয় প্রস্তাব দেওয়ার জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তর-কে নির্দেশনা দেন।

৮.০ সদস্য সচিব সভাকে আরও জানান যে, কৃষি যন্ত্রপাতি কৃষকদের মাঝে পৌঁছে দেওয়ার জন্য খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্প-২য় পর্যায় প্রকল্পে প্রণোদনার হার ৩০% হতে ৫০% এবং অনগ্রসর এলাকার জন্য এই হার ৭০% এ উন্নীত করা হয়েছে। উপস্থিত প্রতিনিধিরা বলেন যে, আমদানিকারক প্রতিষ্ঠান যাতে কৃষি যন্ত্রপাতি ক্রয় করে বেশি মূল্য দেখিয়ে অধিক মুনাফা না করতে পারে সে বিষয়টি খামার যান্ত্রিকীকরণ প্রকল্প হতে নিশ্চিত করা প্রয়োজন। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক বলেন যে, কৃষি যান্ত্রিকীকরণ কার্যক্রম পরিচালনার জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর সাংগঠনিক কাঠামো উপজেলা, জেলা পর্যায়ে কৃষি প্রকৌশলী পদ সৃষ্টির জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব করা হয়েছে। তিনি আরও বলেন যে, এখনই প্রাতিষ্ঠানিক বিন্যাস একেবারে উপজেলা পর্যায়ে নেয়া আবশ্যক নয়, বরং কৃষককদের মাঝে কৃষি যন্ত্রপাতি সুলভমূল্যে পৌঁছে দেয়া সম্ভব হলে কৃষি যন্ত্রপাতির জনপ্রিয়তা দিনে দিনে বৃদ্ধি পাবে এবং সফলভাবে কৃষি যান্ত্রিকীকরণ সম্ভব হবে।

চলমান পাতা/২

৯.০ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও অন্যান্য গবেষণা প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ কৃষি যান্ত্রিকীকরণে কৃষি প্রকৌশলীদের গুরুত্বপূর্ণ ভূমিকার উল্লেখ করে স্বল্পসময়ে প্রাতিষ্ঠানিক বিন্যাস করার পক্ষে মত দেন। এ পর্যায়ে সভাপতি বলেন যে, বিষয়টি মন্ত্রণালয়ে পরীক্ষা নিরীক্ষাধীন রয়েছে। রোডম্যাপ অনুযায়ী কৃষি যন্ত্রপাতি কৃষকদের মাঝে পৌছানোর জন্য দেশের প্রতিটি উপজেলায় হায়ারিং সেন্টার তৈরির উদ্যোগ নেয়া প্রয়োজন মর্মে উল্লেখ করেন। প্রসঙ্গক্রমে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর প্রাক্তন মহাপরিচালক জনাব ক্ষিরোদ চন্দ্র রায় বলেন যে, কৃষকগণ যাতে কাষ্টমস হায়ারিং সেন্টারে, কৃষি যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ ও মেরামতের সুযোগ পায় সে বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করা প্রয়োজন।

১০.০ বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র: নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১০.১ | কৃষি যান্ত্রিকীকরণের নীতিমালা প্রণয়নের জন্য একটি কমিটি গঠন করতে হবে | কৃষি মন্ত্রণালয় |
| ১০.২ | কৃষি যন্ত্রপাতির জন্য টেষ্টিং ল্যাব স্থাপনের কার্যকর উদ্যোগ নিতে হবে | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর |
| ১০.৩ | বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর উদ্ভাবিত কৃষি যন্ত্রপাতির পেটেন্ট শর্ত নিশ্চিত করতে হবে | বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট |
| ১০.৪ | কৃষি যন্ত্রপাতির জন্য নির্ধারিত প্রণোদনা যাতে আমদানিকারকগণের মুনাফার অংশে না যায় তা নিশ্চিত করতে হবে। | প্রকল্প পরিচালক, খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্প-২য় পর্যায় প্রকল্প |
| ১০.৫ | কৃষি যন্ত্রপাতি মেরামত ও সংরক্ষণের সুবিধা সম্বলিত "কাষ্টমস হায়ারিং সেন্টার" নির্বাচন করার উদ্যোগ নিতে হবে। | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর |

১১.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/২/১৭

(মোঃ মোশাররফ হোসেন)
অতিরিক্ত সচিব (সম্প্রসারণ)
কৃষি মন্ত্রণালয়